গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমোহন, ভোলা।
www.lalmahon bhola.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯৫৪.০০০.০৬.০০২.২৪-০৫

তারিখঃ- ১৭ পৌষ, ১৪৩১ বঙ্গাঃ
০২ জানুয়ারী ২০২৫ খ্রিঃ

২০.০ পর্যন্ত সরকারি বদ্ধ জলাশয় ইজারা বিজ্ঞপ্তি

উপজেলা প্রশাসন, লালমোহন, ভোলা এর ব্যবস্থাপনাধীনে ইজারাযোগ্য ২০.০(বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহালগুলো ১৪৩২-১৪৩৪ বঙ্গাঃ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে স্থানীয়ভাব নির্ধারিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতিকে বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্ত ও সময়সূচি মোতাবেক আবেদন আহবান করা যাচ্ছে।

আবেদন দাখিলের সময়সূচি

ক্রঃ নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	জলমহালের নাম	দাগ নং	জলমহালের আয়তন	১৪২৯-১৪৩১ সরকারি ইজারা মূল্য ৫% হারে বৃদ্ধি	১৪৩২-১৪৩৪ সরকারি ইজারা মূল্য
০১	লালমোহন	লর্ডহার্ডিঞ্জ	লর্ডহার্ডিঞ্জ - ১ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ২৫১৬	১.২ একর (কম/বেশি)	৭০০০/-	৭৩৫০/-
০২	ঐ	লর্ডহার্ডিঞ্জ	লর্ডহার্ডিঞ্জ - ২ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ১৩২১,১৩২২	১.১ একর (কম/বেশি)	৭০০০/-	৭৩৫০/-
০৩	ঐ	লর্ডহার্ডিঞ্জ	লর্ডহার্ডিঞ্জ - ৩ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ১৫১০,১৫১১	১.২৬ একর (কম/বেশি)	৯০০০/-	৯৪৫০/-
০৪	ঐ	লর্ডহার্ডিঞ্জ	লর্ডহার্ডিঞ্জ - ৪ খাল	এস,এ খ-০১ দাগ, নং- ২৫৫৬,২৫৫৭,২৫৫৮	৩.২ একর (কম/বেশি)	১৭০০০/-	১৭৮৫০/-
০৫	ঐ	লর্ডহার্ডিঞ্জ	লর্ডহার্ডিঞ্জ - ৫ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ১০০৫	০.৯১ একর (কম/বেশি)	৯০০০/-	৯৪৫০/-
০৬	ঐ	লর্ডহার্ডিঞ্জ	সৈয়দাবাদ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ১০৭৫, বি,এস দাগ-২০৪১	১.২৫ একর (কম/বেশি)	৮০০০/-	৮৪০০/-
০৭	ঐ	লর্ডহার্ডিঞ্জ	ফাতেমাবাদ খাল	এস,এ খ-০১ দাগ, নং- ১৭০	৩.১৫ একর (কম/বেশি)	৯০০০/-	৯৪৫০/-
০৮	ঐ	লর্ডহার্ডিঞ্জ	অন্নদা প্রসাদ- ৩ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ১৯৬	১.১৫ একর (কম/বেশি)	৮০০০/-	৮৪০০/-
০৯	ঐ	লর্ডহার্ডিঞ্জ	অন্নদা প্রসাদ- ১ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ১৭৮৬ বি,এস,খং ১ দাগ- ৭৪৭৯	০.৭৬ একর (কম/বেশি)	৮০০০/-	৮৪০০/-
১০	ঐ	লর্ডহার্ডিঞ্জ	অন্নদা প্রসাদ- ২ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ১০৪৫.বি.এস.খং- ১ দাগ- ৪৫৫১	০.৩৯ একর (কম/বেশি)	৫০০০/-	৫২৫০/-
১১	ঐ	রমাগঞ্জ	পূর্ব চর উমেদ	এস,এ খ-০১ দাগ, নং- ১২৭৬	১.২ একর	৯০০০/-	৯৪৫০/-

১২	ঐ	রমাগঞ্জ	পূর্ব চর উমেদ – ২ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ৪৭৫,৪৭৭	০.৮২ একর (কম/বেশি)	১০০০০/-	১০৫০০/-
১৩	ঐ	রমাগঞ্জ	পূর্ব চর উমেদ – ৩ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ৪২০,৪২২	১.২ একর (কম/বেশি)	৯০০০/-	৯৪৫০/-
১৪	ঐ	রমাগঞ্জ	রায়চাঁদ পুকুর	এস,এ খ-০১ দাগ নং- ৩৮২,৩৮৩,বি,এস দাগ নং-৪৯৫,৪৯৬	১.১৬ একর (কম/বেশি)	১১০০০/-	১১৫৫০/-
১৫	ঐ	ধলীগৌরনগর	চর কালাচাঁদ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ৬৬৪,বি,এস দাগ নং-১৬৬০	০.৪৮ একর (কম/বেশি)	৬০০০/-	৬৩০০/-
১৬	ঐ	ধলীগৌরনগর	ভেদুরিয়া পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ১১৭০,১১৭১	১.২৮ একর (কম/বেশি)	৯০০০/-	৯৪৫০/-
১৭	ঐ	ধলীগৌরনগর	চাতলা পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ৩৪৭৭,৩৪৭৮	০.৭৬ একর (কম/বেশি)	১০০০০/-	১০৫০০/-
১৮	ঐ	ফরাজগঞ্জ	ফরাজগঞ্জ- ১ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ৪০১২	০.৬৬ একর (কম/বেশি)	৮০০০/-	৮৪০০/-
১৯	ঐ	ফরাজগঞ্জ	ফরাজগঞ্জ- ২ পুকুর	এস,এ খ-০১ দাগ, নং- ২৭০০	০.৪৬ একর (কম/বেশি)	৬০০০/-	৬৩০০/-

ক্রঃ নং	তারিখ	গৃহীত কার্যক্রম
০১	০১ মাঘ থেকে ০৫ মাঘের মধ্যে (১৫-১৯ জানু:)	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ইজারার আবেদন আহবান।
০২	০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুনের মধ্যে (২৩ জানু:-১৬ ফেব্রু:)	অনলাইনে সরকারি জলমহাল ইজারা আবেদন দাখিল।
০৩	০৩ ফাল্গুনের পরবর্তী ০৩(তিন) কার্যাদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টের কপি ও জামানতের মূলকপি সীলাগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
০৪	১৪ ফাল্গুনের মধ্যে (২৭ ফেব্রুয়ারি)	অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত প্রিন্টের কপি যাচাই-বাছাই।
০৫	২৫ ফাল্গুনের মধ্যে (১০ মার্চ)	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
০৬	১০ চৈত্রের মধ্যে (২৪ মার্চ)	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
০৭	২৩ চৈত্রের মধ্যে (০৬ এপ্রিল)	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিত করণ।
০৮	২৭ চৈত্রের মধ্যে (১০ এপ্রিল)	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন।
০৯	১ বৈশাখ (১৪ এপ্রিল)	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

-শর্ত সমূহ-

১. উপযুক্ত সূচী অনুযায়ী স্থানীয়ভাবে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি-কে ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইন আবেদন দাখিল করতে হবে। তবে আবেদন বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে। উল্লেখ্য কোন জলমহাল ইজারা প্রদানের ক্ষেত্রে ১ম তারিখে কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্তাপনায় অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত(ক) বেকার যুবক; (খ) যুব মহিলা:(গ) বিধবা ও স্বামী পরিত্যক্তা; (ঘ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য: (ঙ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তির সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি সংশ্লিষ্ট পুকুর/জলমহালের তৃতীয় তারিখ হতে ইজারায় অংশগ্রহণ করতে পারবেন।

গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি সংশ্লিষ্ট পুকুর/জলমহালের তৃতীয় তারিখ হতে ইজারায় অংশগ্রহণ করতে পারবেন।

২. অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে লালমোহন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় রক্ষিত বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে জমা দিতে হবে।

৩. যে কোন প্রকৃত স্থানীয়ভাবে নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।

৪. আবেদন ফরমের সাথে উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা এর অনুকূলে আবেদন ফরমে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে জামানত হিসেবে দাখিল করতে হবে।

৫. মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তার নিকট হতে প্রত্যয়নপত্রসহ বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। উল্লেখ্য নতুন নিবন্ধিত মৎস্যজীবীর ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।

৬. কোন মৎস্যজীবী সমিতির নিকট কোন জলমহালের ইজারা মূল্য বকেয়া থাকেল এবং উক্ত বকেয়া ইজারা মূল্যের জন্য কোন আদালতে সার্টিফিকেট মামলা পেন্ডিং/চলমান থাকলে সংশ্লিষ্ট মৎস্যজীবী সমবায় সমিতির আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না।

৭. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত ইজারা দরপত্র গ্রহীতাকে সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে সম্পূর্ণ ইজারার অর্থ পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৮. ইজারা গ্রহীতাকে ১ম, ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পরবর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং অন্যথায় ইজারাদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৯. ইজারা গ্রহীতাকে ৩০০/-(তিনশত) টাকা নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে এবং কেবলমাত্র ইজারা চুক্তি সম্পাদনের পরই সংশ্লিষ্ট জলমহালের দখল ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দেয়া হবে।

১০. ইজারাদার কোন অবস্থাতে মহাল বা মহালের কোন অংশ বিশেষ সাবলীজ প্রদান করতে পারবেন না এবং জলমহাল যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থা আবেদন ফরমে উল্লেখপূর্বক ইজারা গ্রহণ করতে হবে। আবেদন ফরম দাখিলের পূর্বেই সশ্লিষ্ট জলমহাল সম্পর্কে সরেজমিনে প্রকৃত অবস্থা সঠিকভাবে দেখে আবেদনপত্র দাখিল করতে হবে। পরে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না, কিংবা জলমহালের বর্তমানে আয়তন এবং দখল নামায় উল্লেখিত আয়তনের মধ্যে হেরফের হলেও কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১১. কোন ঘষামাজা বা কাঁটাকাটি বা ক্রটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১২. জলমহাল ইজারা বাংলা সনের যে কোন সময়ে চূড়ান্ত হলে ও নীতিমালা মোতাবেক তার মেয়াদ ঐ সনের ০১ লা বৈশাখ হতে কার্যকর হবে এবং ৩০শে চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। পরবর্তী ০১লা বৈশাখ থেকে নতুন বছরের কার্যক্রম শুরু হবে। ইজারাদার পূর্বের সময়ের খাস আদায়ের অর্থ দাবী করতে পারবেন না।

১৩. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন-কে দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৪. যদি ইজারা গ্রহীতা নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ প্রথম ও দ্বিতীয় বৎসর শেষ হওয়ার পূর্বে যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় বৎসরের নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন তাহলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে এবং কর্তৃপক্ষ নতুন করে সংশ্লিষ্ট জলমহাল ইজারা প্রদান করতে পারবেন। এ ব্যাপারে কোন আপত্তি করা যাবে না।

১৫. ইজারার সমিতিকে সরকারের নির্দেশনা মোতাবেক উদ্বৃত দরের উপর ১৫% হারে ভ্যাট এবং ৫% হারে আয়কর প্রদান করতে হবে।

১৬. অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বিস্তারিত তথ্যাদি জানা যাবে।

১৭. কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ,বাতিল এবং বাস্তবতার আলোকে প্রয়োজনে বিদ্যমান জলমহালের তফসিল হ্রাস/বৃদ্ধি ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮. বর্ণিত শর্তাবলী ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ আইন,বিধি(যদি থাকে) তা-ও প্রযোজ্য হবে।

02/03/2026

(মোঃ শাহ আজিজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ইজারা কমিটি
লালমোহন, ভোলা।

মোবাঃ ০১৭০১-৯৯১৫০৪
মেইল: unolalmohan@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯৫৪.০০০.০৬.০০২.২৪-০৫

তারিখঃ ১৭ পৌষ, ১৪৩১ বঙ্গাঃ
০২ জানুয়ারী ২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) বরিশাল বিভাগ, বরিশাল।
০৩. জেলা প্রশাসক, ভোলা।
০৪. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), ভোলা।
০৫. সহকারী কমিশনার (ভূমি), লালমোহন, ভোলা।
০৬. জেলা তথ্য কর্মকর্তা, ভোলা। দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭. উপজেলা মৎস্য কর্মকর্তা, লালমোহন, ভোলা। তার অধিন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতিকে জানানোর জন্য অনুরোধ করা হলো।
০৮. উপজেলা কৃষি অফিসার, লালমোহন, ভোলা।
০৯. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লালমোহন বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো।
১০. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লালমোহন, ভোলা। তার দপ্তরের নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদকের বরাবরে অত্র দরপত্রে বিজ্ঞাপ্তির অনুলিপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১. উপজেলা সমবায় কর্মকর্তা, লালমোহন, ভোলা। তার দপ্তরের নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদকের বরাবরে অত্র দরপত্র বিজ্ঞপ্তির অনুলিপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২. প্রশাসক/চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ (সকল) লালমোহন, ভোলা। তাঁকে তার এলাকার সকল হাট বাজার এবং গুরুত্বপূর্ণ স্থান সমূহে মাইক/ঢোল সহরতের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।
১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...ইউনিয়ন ভূমি অফিস। তাকে তার এলাকাধীন সকল হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪. সম্পাদক, ...দরপত্র বিজ্ঞপ্তির তার পত্রিকায়................খ্রি. তারিখের মধ্যে স্বল্প পরিসরে প্রয়োজনীয় কলামে ভিতরের পাতায় ১ দিনের জন্য প্রকাশ পূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে পত্রিকার দুইটি কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
১৫. জনাব, ...
১৬. অফিস কপি।

02/01/2025

(মোঃ শাহ আজিজ)
সহকারী কমিশনার (ভূমি) অঃ দাঃ
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ইজারা কমিটি
লালমোহন, ভোলা।